

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২২, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০৪.২২-১৭৩।—বাংলাদেশ নির্বাচন কমিশন ‘স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০’ এর বিধি ৮৬ এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৩ এপ্রিল ২০২৪ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.২৪৬ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনী অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংশ্লিষ্ট পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত পৌরসভাসমূহের বিভিন্ন শূন্যপদে উপ-নির্বাচন উপলক্ষ্যে ৫নং কলামে বর্ণিত ০৭ (সাত) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৬ এপ্রিল, ২০২৪ তারিখ হতে ৩০ এপ্রিল, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	পৌরসভার নাম	কর্মকর্তাগণের নাম, পদবি ও কর্মস্থল	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	নীলফামারী	জলঢাকা	জলঢাকা পৌরসভা	জনাব মেহেদী হাসান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী	মেয়রের শূন্যপদে নির্বাচন
২.	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর	ঠাকুরগাঁও পৌরসভা	জনাব মোঃ মাহবুবুর রহমান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও	০৩ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন

(৭৬২৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	পৌরসভার নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
৩.	খুলনা	দাকোপ	চালনা পৌরসভা	জনাব মোঃ নাজমুল কবির সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খুলনা	০২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন
৪.	নোয়াখালী	কবিরহাট	কবিরহাট পৌরসভা	জনাব মোঃ এমদাদ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নোয়াখালী	০২ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন
৫.	টাঙ্গাইল	কালিহাতী	কালিহাতী পৌরসভা	বেগম আরোবিয়া খানম সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল	০৮ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন
৬.	গাইবান্ধা	গাইবান্ধা সদর	গাইবান্ধা পৌরসভা	জনাব কাফি আল আজাদ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা	০২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন
৭.	নওগাঁ	নওগাঁ সদর	নওগাঁ পৌরসভা	জনাব নূর মোহাম্মদ ভূঁইয়া সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ	০২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন

২। উল্লিখিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address (ds la @ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম :.....পৌরসভার নাম.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/ অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। উপরিউক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত ০২ (দুই) জন সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুছ সালাম

উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd